যোহনের
তৃতীয় পত্র

1 আমার প্রিয় বন্ধু গায়েরকে, যাকে আমি সত্যে ভালবাসি, তার
প্রতি এই প্রাচীনের পত্র৷
2 প্রিয় বন্ধু, আমি জানি তুমি আত্মিকভাবে ভাল আছ; আর তাই
আমি প্রার্থনা করি যেন তোমার সবকিছু ভালভাবে চলে এবং তুমি সুস্থ
থাক৷
3 আমি খুব খুশী হলাম, কারণ আমাদের ভাইদের মধ্যে কয়েকজন
এসে, তুমি যে সত্য ধরে রয়েছ ও যে সত্য পথে চলেছ সে বিষয়ে
জানাল৷
4 আমার সন্তানরা যে সত্যের পথে চলছে, এই খবর শুনে আমার
যে আনন্দ হয়, এর থেকে বেশী আনন্দ আমার আর কিছুতে হয় না৷
5 প্রিয় বন্ধু, আমাদের ভাইদের, এমন কি যাঁরা অপরিচিত, তাদের
সকলকে তুমি যে সাহায্য করে থাক এ অতি উত্তম৷
6 তাঁদের প্রতি তোমার ভালবাসার কথা তাঁরা এখানকার মণ্ডলীর
সকলকে বলেছেন৷ তাঁদের যাত্রা পথে সাহায্য করলে তুমি ভালোই
করবে৷ এমনভাবে সাহায্য করো যেন ঈশ্বর খুশী হন,
7 কারণ তাঁরা খ্রীষ্টের পরিচর্যার উদ্দেশ্যেই যাত্রা শুরু করেছেন;
আর তাঁরা এর জন্য যাঁরা খ্রীষ্ট বিশ্বাসী নয় তাদের কাছ থেকে কিছুই
গ্রহণ করেন না৷
8 তাই এই ধরণের লোকদের সাহায্য করতে আমরা বাধ্য, যেন
আমরা সত্যের পক্ষে সহকর্মীরূপে কাজ করি৷
9 আমি মণ্ডলীকে চিঠি লিখলাম; কিন্তু সেই দিয়ত্রিফি, যে তাদের
নেতা হতে চায়, সে আমাদের কথা গ্রাহ্য করে না৷
10 এই কারণে আমি ওখানে গেলে সে কি করছে তা প্রকাশ করব৷
সে আমাদের বিরুদ্ধে মিথ্যাভাবে মন্দ কথা বলে, কিন্তু এতেও সে খুশী
নয়৷ এছাড়া ভাইদের সে স্বাগত জানাতে অস্বীকার করে৷ এমনকি যারা

সেই ভাইদের সাহায্য করতে চায়, দিয়ত্রিফি তাদের সাহায্য করতে দেয়
না, বরং তাদের মণ্ডলী থেকে বাইরে বার করে দেয়৷
11 প্রিয় বন্ধু, যা কিছু মন্দ তার অনুকরণ করো না, কিন্তু যা কিছু
ভাল তার অনুকরণ করো৷ যে ভাল কাজ করে সে ঈশ্বরের লোক, যে
মন্দ কাজ করে সে ঈশ্বরকে দেখে নি৷
12 সকলেই দীমীত্রিয়ের উচ্চ প্রশংসা করে, এমনকি সত্যও তার
সাক্ষী, আমরাও সেই একই কথা বলব৷ তুমি জান যে আমরা যা বলি
তা সত্য৷
13 তোমাকে লেখবার অনেক কথাই আমার ছিল; কিন্তু কালি
কলমে তা লিখতে ইচ্ছা করে না৷
14 আশা করি শিগ্গিরই তোমাকে দেখব, তখন আমরা সামনা-সামনি
কথাবার্তা বলব৷
15 তোমার শান্তি হোক্৷ তোমার সব বন্ধুরা তোমায় শুভেচ্ছা
জানাচ্ছে৷ আমাদের বন্ধুদের প্রত্যেককে শুভেচ্ছা জানিও৷

পবিত্র বাইবেল
Bengali Holy Bible: Easy-to-Read Version™
পবিত্র বাইবেল

copyright © 2001-2006 World Bible Translation Center

Language: বাংলা (Bengali)

Translation by: World Bible Translation Center

This copyrighted material may be quoted up to 1000 verses without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. This copyright notice must appear on the title or copyright page:
Bengali Holy Bible: Easy-to-Read Version™ Taken from the Bengali HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2007 by World Bible Translation Center, Inc. and used by permission.
When quotations from the ERV are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials (ERV) must appear at the end of each quotation.
Requests for permission to use quotations or reprints in excess of 1000 verses or more than 50% of the work in which they are quoted, or other permission requests, must be directed to and approved in writing by World Bible Translation Center, Inc.
Address: World Bible Translation Center, Inc. P.O. Box 820648 Fort Worth, Texas 76182
Email: bibles@wbtc.com Web: www.wbtc.com
Free Downloads Download free electronic copies of World Bible Translation Center's Bibles and New Testaments at: www.wbtc.org

2013-10-15

PDF generated using Haiola and XeLaTeX on 13 Jun 2025 from source files dated 31 Aug 2023
c0921fcb-8034-56ec-b69f-8fc98462f966